

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮. ১১০

তারিখ: ২৮/০২/১৪২৯ বঙ্গাব্দ।
২২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, “সরকারি গোপন আইন, ১৯২৩ (Official Secrets Act, 1923), ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ ও সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯” সুস্পষ্টভাবে প্রতিপালনের নির্দেশনা রয়েছে।

২। সে প্রেক্ষিতে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮.৩৩৬ তারিখ: ১২/০৬/২০১৬ খ্রিঃ, স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.১৮.০৬৬.১৬.১০০২ তারিখ: ১৯/০৭/২০১৬ খ্রিঃ, স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮.৬৩ তারিখ: ০৯/০১/২০২২ খ্রিঃ এবং স্মারক নং- ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮.১৫৪৩ তারিখ: ০১/০৯/২০২২ খ্রিঃ মূলে “সরকারি গোপন আইন, ১৯২৩, ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ ও সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯” যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা জারি করা হয়।

৩। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ডিডিপি একাডেমিসহ মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ হতে অননুমোদিত উপায়ে বিভিন্ন পত্রাদি ফেসবুক, হোয়াটসঅ্যাপ গ্রুপসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড/শেয়ার করা হচ্ছে। এছাড়াও বিভিন্ন পর্যায়ের সদস্যগণ আবেগের বশবর্তী হয়ে বা উদ্দেশ্য প্রণোদিতভাবে সামাজিক যোগাযোগ মাধ্যম সমূহে সরকারি কর্মচারী ও বাহিনীর সদস্য হিসেবে শিষ্টাচার বহির্ভূত এমন বিষয়াদি পোস্ট/শেয়ার করছেন বা লাইক দিচ্ছেন যা বাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে এবং যাতে সংশ্লিষ্ট/জড়িত সদস্য ব্যক্তিগতভাবে অপরাধে জড়িয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সম্প্রতি বিভিন্ন পদবীর কোন কোন সদস্যকে এ সংক্রান্ত অপরাধের দায়ে বিচারের সম্মুখীন হয়ে কঠোর শাস্তি ভোগ করতে হয়েছে।

৪। এতদপ্রেক্ষিতে নামে বেনামে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে অধিকতর সতর্কতা অবলম্বন এবং ফেইসবুকে অনাকাঙ্ক্ষিত পোস্ট দেয়া/শেয়ার করা/লাইক দেয়া থেকে বিরত থাকার জন্য আপনার আওতাধীন সকল কর্মকর্তা-কর্মচারী, সদস্য-সদস্যকে কঠোরভাবে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৫। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই আদেশ জারি করা হলো।



মুহাম্মদ মেহেদী হাসান, বিএম, পিএমএস

বিএডি-১২০০৮৫

পরিচালক (প্রশাসন)

দুরালাপনী: ৪৭২১৪৯২৫

ই-মেইল : dir_admin@ansarvdp.gov.bd

তারিখ: ২৮/০২/১৪২৯ বঙ্গাব্দ।
২২/০২/২০২৩ খ্রিষ্টাব্দ।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.২৭.০৪৮.০৮. ১১০

অনুলিপি:

- | | |
|--|--|
| ১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ৩। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ডিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৪। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ৫। উপমহাপরিচালক (রেঞ্জ)/পরিচালক (রেঞ্জ) (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী.....রেঞ্জ। | বিষয়টি আপনার অধীন সকল দপ্তরকে অবহিতকরণ
ও কার্যক্রমের জন্য। |
| ৬। পরিচালক (সকল)..... | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৭। নির্বাহী প্রকৌশলী, উপপরিচালক (চিকিৎসা) ও আইন বিষয়ক উপদেষ্টা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ” |
| ৮। উপপরিচালক (সকল)..... | ” |
| ৯। সহকারী পরিচালক (সকল)/গণসংযোগ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা
(আনসার ও ডিডিপি)..... | ” |
| ১০। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ১১। আইসিটি শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | পত্রটি অন্তর্ভুক্তির ওয়েবসাইটে প্রচারের জন্য। |
| ১২। অফিস ও মাস্টার কপি। | |

পরিচালক (প্রশাসন)